পটুয়াখালীতে পিক-আপের ধাক্কায় গুরতর আহত দুই

written by Chandradip News | December 29, 2023

মো: আল-আমিন (পটুয়াখালী): পটুয়াখালী জেলার কলাপাড়ায় সেতুর ঢালে এক মোটরসাইকেল চলন্ত মাছবাহী পিকআপের নীচে পড়ে দুই মোটরসাইকেল যাত্রী গুরুতর আহত হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে আটটার দিকে কলাপাড়া-কুয়াকাটা সড়কের হাজীপুর শেখ জামাল সেতুর ঢালে এ দুর্ঘটনা ঘটে।

গুরুতর আহত মোটরসাইকেল আরোহী লিটন খান ও খালেক খান স্থানীয় বাসিন্দা। তাদের দুইজনেরই পা ও হাত ভেঙ্গে গেছে এবং মাথা ও শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, মৎস্যবন্দর মহিপুর থেকে মাছ নিয়ে পিকআপটি কলাপাড়ার দিকে আসার পথে বিপরীত দিক থেকে আসা মোটরসাইকেলটিকে চাপা দিলে মোটরসাইকেলটি পিকআপের নিচে ঢুকে যায়। এতে মোটরসাইকেলে থাকা দুই আরোহী গুরুতর আহত হন। আশঙ্কাজনক অবস্থায় তাদের উদ্ধার করে প্রথমে কলাপাড়া স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি ঘটলে দুইজনকেই বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

কলাপাড়া থানার পরিদর্শক (তদন্ত) মোস্তাফিজুর রহমান জানান, পুলিশ দুর্ঘটনার খবর পেয়েই ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনা কবলিত পিকআপটি আটক করেছে। এ ঘটনায় পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি চলছে।